

- কৃষি সম্প্রসারণ পরিকল্পনা তৈরি করা।
- উপজেলা অফিসারদের কার্যকর প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- গ্র্যাডাপাটিভ রিসার্চ, মাঠ পর্যায়ের পরীক্ষা ও নতুন প্রযুক্তি বিষয়ে তথ্যের আদান-প্রদান নিশ্চিত করার জন্য গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সরাসরি যোগাযোগ করা।
- মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কারিগরি উইং এর পরিচালকদের মধ্যে মূল সংযোগ রক্ষা করা এবং তাদেরকে তথ্য প্রদান করা ও মাঠে ব্যবহারের জন্য সম্প্রসারণ পদ্ধতি ও বার্তা সংগ্রহ করা।
- মৌসুমী কর্মকাল্ড বার্ষিক সম্প্রসারণ কর্মসূচি পর্যালোচনা করার জন্য ডিইপিসি সভার আয়োজন ও পরিচালনা করা।
- জেলার অধীন সকল উপজেলা পরিকল্পনার বাস্তবায়ন তদারকি করা। এজন্যে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য বিভিন্ন সম্প্রসারণ ইভেন্ট পরিদর্শন করা।
- সকল স্টাফের প্রশিক্ষণ চাহিদা নিরূপন তদারকি করা এবং জেলা পর্যায়ের জন্য প্রশিক্ষণ প্রস্তুত তৈরি করা।
- উপজেলা পর্যায়ের প্রশিক্ষণে সহায়তা প্রদান করা।
- জেলায় উপজেলা কৃষি কর্মকর্তাদের মাসিক সভার ব্যবস্থা করা এবং সমস্যা সমাধান, অগ্রগতি ও সম্প্রসারণ কর্মকাল্ড আলোচনা করা।
- জেলার সকল স্টাফ ও উপজেলা অফিসারদের জন্য একটি প্রশিক্ষণ রেকর্ড সংরক্ষণ করা।
- দপ্তরে কর্মরত সকল স্টাফের রেকর্ড সংরক্ষণ করা।
- প্রশিক্ষণ উইং এর নির্দেশমতো স্টাফদের জেলার বাইরে ট্রেনিং এ যাওয়ার অনুমতি প্রদান করা।
- জেলার মধ্যে ডিএই-এনজিও অংশীদারিত্বমূলক কর্মকাল্ড পরিবীক্ষণ করা এবং উপজেলা ও জেলা স্টাফদের মধ্যে ডিএই/এনজিও যৌথ কর্মকাল্ডের বিকাশ ঘটানো।
- জেলায় মানব সম্পদের ফলপ্রসূ ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং তাদের কর্ম সম্পাদন ও কর্ম ব্রবস্থাপনা যাচাই করা।
- অনুমোদিত বাজেট সীমার মধ্যে জেলার ব্যয় নিয়ন্ত্রন করা। সদর দপ্তরের প্রশাসন ও পরিকল্পনা উইং এর নিকট সময়মতো মাসিক হিসাবের বিবরণী প্রেরণ করা।